সিলেট বোর্ড-২০১৭

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : ২৯২

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ সাঈদ হাসান তার নিজ এলাকায় একটি দাতব্য চিকিৎসা কেন্দ্র গড়ে তোলেন। সমাজের বিভিন্ন ধনী ব্যক্তিদের সহযোগিতায় সেবা কেন্দ্রটি পরিচালিত হয়ে আসছে। সেবা কেন্দ্রটি যাতে আরও ভালভাবে পরিচালিত হতে পারে তার জন্য বিভিন্ন বিদেশি সংস্থার কাছে তিনি সহযোগিতা চান। প্রতিষ্ঠানের সম্পূর্ণ আয় মানব সেবায় ব্যয় করা হয়।

ক. তহবিলের বণ্টন কী? ১

খ. সম্পদ সর্বাধিকরণ কোম্পানির মূল লক্ষ্য হওয়া উচিত – ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সেবা প্রতিষ্ঠানে অর্থায়নের ফলে সমাজে কীরূপ প্রভাব পড়ে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত আয় মানব সেবায় খরচ করা অর্থায়নের সামাজিক দায়বদ্ধতার আলোকে বিশ্লেষণ করো। ৪

২.▶ মাহিন সাহেবের একটি ব্যবসা প্রতিষ্ঠান আছে। তিনি আমদানি-রপ্তানি ব্যবসা করেন। পণ্য ক্রয়ের জন্য ১০ কোটি টাকা হুন্ডির মাধ্যমে বিদেশে প্রেরণ করেন। বিষয়টি দুর্নীতি দমন কমিশনের দৃষ্টিগোচর হলে তদন্ত করার সিদ্ধান্ত নেন। তদন্তে প্রতিষ্ঠানটি দোষী সাব্যস্ত হলে শাস্তির সুপারিশ করা হয়।

ক. কলমানি রেট কী? ১

খ. ঋণ নিয়ন্ত্রণ কেন করা হয়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি কোন আইন লঙ্ঘন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বর্তমান প্রচলিত আইনে প্রতিষ্ঠানটি কী শাস্তির আওতায় পড়বে? বিশ্লেষণ করো। ৪

৩.▶ ফয়েজ আহম্মেদ আর্থিক বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি পোর্টফলিও বিনিয়োগ সম্পর্কে অবগত। অবশেষে তিনি ২টি সিকিউরিটির যেকোনো ১টিতে বিনিয়োগ করতে চায়–

বছর	আয়ের হার	
	সিকিউরিটি-A	সিকিউরিটি-B
২০১৪	৩০%	২০%
২০১৫	২১%	১৫%
২০১৬	১৬%	৩২%

সাইমুন কোম্পানির বিটার মান ১.৭০, বাজার আয়ের হার ১৫% এবং ট্রেজারি বিলের আয়ের হার ৬%।

ক. ঝুঁকিমুক্ত আয়ের হার কী? ১

খ. CAPM মডেল বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে কী অপরিহার্য? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে সাইমুন কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে ফয়েজ আহমেদ কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত বলে মনে করেন? বিশ্লেষণ করো। ৪

৪.▶ মারুফ সাহেবের কাছে দুইটি পরস্পর বর্জনশীল প্রকল্প রয়েছে। প্রকল্প দুটির প্রাথমিক বিনিয়োগ ১,৪০,০০০ টাকা। বাট্টার হার ১৫%। মারুফ সাহেব বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি ব্যবহার করেন। প্রকল্প দুটির নগদ আন্তঃপ্রবাহ নিম্নে দেয়া হলো−

বছর	প্রকল্প-X	প্রকল্প-Y
১	৮০,০০০ টাকা	৭০,০০০ টাকা
২	৭০,০০০ টাকা	৫০,০০০ টাকা
৩	৪০,০০০ টাকা	৩০,০০০ টাকা

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. মূলধন রেশনিং কীভাবে করা হয়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে প্রকল্প X হতে কত সময়ে মূলধন ফেরত পাওয়া যাবে? ৩

ঘ. উদ্দীপকে পরিশোধকাল সময় বিবেচনায় কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত? বিশ্লেষণ করো। ৪

৫.▶ মেঘনা কোম্পানির বর্তমান শেয়ারের বাজারমূল্য ২০০ টাকা। শেয়ারপ্রতি ১৫ টাকা করে লভ্যাংশ প্রদান করে। কোম্পানির লভ্যাংশ গড়ে ৫% করে বৃদ্ধি পায়। এক্ষেত্রে কোম্পানির প্রয়োজনীয় আয়ের হার ২০%।

ক. মূলধন ব্যয় কী? ১

খ. অগ্রাধিকার শেয়ার বলতে কী বোঝায়? ২

গ. মেঘনা কোম্পানির সাধারণ শেয়ারের মূলধন ব্যয় কত? নির্ণয় করো। ৩

ঘ. কোম্পানির সাধারণ শেয়ারের বাজারমূল্য ২০ টাকা কমলে সাধারণ শেয়ারের মূলধন ব্যয়ের ওপর কী প্রভাব পড়বে? মূল্যায়ন করো। ৪

৬.▶ সালাম সাহেবের পণ্য রপ্তানিকারী একটি প্রতিষ্ঠান আছে। পণ্য উৎপাদনের জন্য তিনি একটি মেশিন ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করেন। তিনি ৯০,০০০ টাকা ব্যয়ে মেশিন ক্রয়ের জন্য দুটি বিকল্প বাছাই করেন। মূলধন ব্যয় ১২%। বিকল্প দুটির নগদ

আন্তঃপ্রবাহ নিম্নরূপঃ

বছর	নগদ আন্তঃপ্রবাহ	
	প্রকল্প-A	প্রকল্প-B
১	৫০,০০০ টাকা	১০,০০০ টাকা
২	৪০,০০০ টাকা	২০,০০০ টাকা
৩	৩০,০০০ টাকা	৩০,০০০ টাকা
৪	২০,০০০ টাকা	৪০,০০০ টাকা
৫	১০,০০০ টাকা	৫০,০০০ টাকা

ক. অগ্রিম বৃত্তি কী? ১

খ. বিধি ৭২ কোন ক্ষেত্রে ব্যবহার করা হয়? ২

গ. উদ্দীপকে প্রকল্প A হতে প্রাপ্ত আন্তঃপ্রবাহের নিট বর্তমান মূল্য কত? নির্ণয় করো। ৩

ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে, উদ্দীপকের আলোকে বিকল্প দুটির মধ্যে কোনটি লাভজনক? বিশ্লেষণ করো। ৪

৭.▶ লিঙ্ক কোম্পানি একটি কলম উৎপাদনকারী প্রতিষ্ঠান। এর স্থির ব্যয় ১০,০০০ টাকা। প্রতিটি কলমের বিক্রয়মূল্য ৫০ টাকা এবং পরিবর্তনশীল ব্যয় ২৫ টাকা। অন্যদিকে গুডলাক কোম্পানির স্থির ব্যয় ২০,০০০ টাকা। প্রতিটি কলমের বিক্রয়মূল্য ৬০ টাকা এবং পরিবর্তনশীল ব্যয় ৩০ টাকা।

ক. চলতি অনুপাত কী? ১

খ. আর্থিক বিশ্লেষণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে লিঙ্ক কোম্পানির ব্রেক ইভেন বিন্দু (এককে) নির্ণয় করো। ৩

ঘ. যদি উভয় কোম্পানি ১,০০০ টাকা কাঙ্ক্ষিত মুনাফা অর্জন করতে চায়, উদ্দীপকের আলোকে ব্রেক ইভেন মাত্রায় পৌঁছাতে কোন কোম্পানিকে অধিক পরিমাণে বিক্রয় করতে হবে? মূল্যায়ন করো। ৪

৮.▶ আশরাফ সাহেব একজন সরকারি চাকরিজীবী। তিনি ২০১৭ সালে অবসর গ্রহণ করেন। তিনি আগামী ১০ বছর পেনশন হিসেবে প্রতি বছর ২০,০০০ টাকা করে পাবেন। আর এককালীন হিসেবে নিলে ২,০০,০০০ টাকা পাবেন। আশরাফ সাহেব প্রত্যাশা করছেন আগামীতেও সুদের হার ১০% অপরিবর্তিত থাকবে।

ক. নামিক সুদের হার কী? ১

খ. চক্রবৃদ্ধির সংখ্যা বৃদ্ধি পেলে অর্থের ভবিষ্যৎ মূল্যের ওপর কী প্রভাব পড়ে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে আশরাফ সাহেব আগামী ১০ বছর ২০,০০০ টাকা গ্রহণ করলে তার পেনশনের বর্তমান মূল্য কত হবে? ৩

ঘ. উদ্দীপকে আশরাফ সাহেবের জন্য কোন বিকল্পটি গ্রহণ করা উচিত? বিশ্লেষণ করো। ৪

৯.▶ হারুন সাহেব একজন বন্ড বিনিয়োগকারী। তিনি দুটি বন্ড বিনিয়োগের জন্য পছন্দ করেছেন। তার বিবরণ নিম্নে দেয়া হলো–

বন্ড	কুপন সুদের হার	বাজারমূল্য	মেয়াদ
X	১৪%	১২৫০	৫ বছর
Y	১৩%	৮৫০	-

হারুন সাহেবের প্রত্যাশিত আয়ের হার ১২%। প্রতিটি বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা।

ক. চলতি ইল্ড কী? ১

খ. কুপন হার বন্ডের আয়ের ওপর কী প্রভাব ফেলে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত X বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় করো। ৩

ঘ. হারুন সাহেবের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ করো। ৪

১০.▶ একটা জুতা উৎপাদনকারী প্রতিষ্ঠান ২/১০, নিট ৬০ শর্তে পণ্য ক্রয়-বিক্রয় করে থাকে। তিনি ব্যাংক হতে ৫,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেছেন। প্রতিষ্ঠানটির মালিক ব্যাংক হতে গৃহীত ঋণের মাধ্যমে নগদ বাট্টার সুযোগ গ্রহণের চিন্তাভাবনা করছেন। পরবর্তীতে প্রতিষ্ঠানের মালিক পরিশোধের সময় ১০ দিন বৃদ্ধি করে। ব্যাংক ঋণের সুদের হার ১২%।

ক. মিতব্যয়ী ফরমায়েশ পরিমাণ কী? ১

খ. ব্যবসায় ঋণের খরচ কে বহন করে? ২

গ. উদ্দীপকে প্রতিষ্ঠানটির ব্যবসায় ঋণের ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে পরিশোধ সময় বৃদ্ধির ফলে নগদ বাট্টার সুযোগ গ্রহণের সিদ্ধান্তকে প্রভাবিত করবে কী? তোমার মতামত দাও। ৪

১১.▶ তৌহিদ সাহেব লুকাস কোম্পানির বন্ডে বিনিয়োগ করেছেন। উক্ত বন্ড থেকে বিনিয়োগকারীরা কোনো সুদ পাবেন না। কিন্তু মেয়াদপূর্তিতে অভিহিত মূল্য ফেরত পাবেন। বন্ডটি অভিহিত মূল্য হতে কম মূল্যে বিক্রি হয়েছে। অন্যদিকে ছানোয়ার সাহেব সুপার কোম্পানির চিরস্থায়ী বন্ডে বিনিয়োগের চিন্তাভাবনা করছেন। বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং বাজারমূল্য ১,২০০ টাকা, কুপন রেট ১৪%। জনাব ছানোয়ারের প্রয়োজনীয় আয়ের হার ১০%।

ক. বন্ড কী? ১

খ. শেয়ারপ্রতি আয় বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের নির্ণায়ক– ব্যাখ্যা করো। ২

গ. লুকাস কোম্পানি কোন ধরনের বন্ড ইস্যু করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব ছানোয়ারের সুপার কোম্পানিতে বিনিয়োগ করা উচিত হবে কী? যুক্তিসহ মতামত দাও। ৪

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : ২ ৯ ২

সময় ঃ৩০ মিনিট

পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. নিচের কোনটি সাধারণ শেয়ারের ব্যয়?
 ক) সুদ খ) কর
 গ) লভ্যাংশ ঘ) খাজনা

২. লিখিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে শেয়ার বিক্রি করা হলে তাকে কী বলে?
 ক) সমহার খ) অধিহার
 গ) অবহার ঘ) বাট্টার হার

৩. অতীত ব্যয়কে কী বলা হয়?
 ক) সুনির্দিষ্ট ব্যয় খ) ব্যক্ত ব্যয়
 গ) অব্যক্ত ব্যয় ঘ) ঐতিহাসিক ব্যয়

৪. নিচের কোনটি স্বল্পমেয়াদি অর্থসংস্থানের উৎস?
 ক) ঋণপত্র খ) ব্যবসায় ঋণ
 গ) শেয়ার ঘ) বন্ড

৫. IPO এর পূর্ণরূপ হলো−
 ক) Initial Public Office
 খ) International Public Office
 গ) Initial Public Offering
 ঘ) Initial Private Offering

৬. বাংলাদেশে কতটি স্টক এক্সচেঞ্জ আছে?
 ক) ১টি খ) ২টি
 গ) ৩টি ঘ) ৪টি

৭. দীর্ঘমেয়াদি অর্থসংস্থানের মেয়াদ হলো−
 ক) ২ হতে ৪ বছর খ) ৪ হতে ৫ বছর
 গ) ৩ হতে ৪ বছর ঘ) ৫ বছরের উর্ধ্বে

৮. ঝুঁকি পরিমাপের পদ্ধতি হলো−
 i. আদর্শ বিচ্যুতি (Standard deviation)
 ii. সম্ভাবনা বিন্যাস (Probability distribution)
 iii. বিভেদাংক (Co-efficient of Variation)
 নিচের কোনটি সঠিক?
 ক) i ও ii খ) i ও iii
 গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. 'সুযোগ ব্যয়' অর্থায়নের কোন উৎসের সাথে সংশ্লিষ্ট?
 ক) সংরক্ষিত তহবিল খ) অগ্রাধিকার শেয়ার
 গ) ঋণপত্র ঘ) সাধারণ শেয়ার

১০. ঝুঁকিবিহীন সিকিউরিটি কোনটি?
 ক) সাধারণ শেয়ার খ) ট্রেজারি বিল
 গ) বাণিজ্যিক পত্র ঘ) অগ্রাধিকার শেয়ার

১১. গড় মুনাফার হার নির্ণয়ের সূত্র হলো−
 ক) $ARR = \frac{\text{Average EAT}}{\text{Average Investment}}$
 খ) $ARR = \frac{\text{Average EBIT}}{\text{Average Investment}}$
 গ) $ARR = \frac{\text{Average EAT}}{\text{Average Investment}} \times 100$
 ঘ) $ARR = \frac{\text{Average EBIT}}{\text{Average Investment}} \times 100$

১২. স্বতঃস্ফূর্ত অর্থায়ন হলো−
 i. ব্যবসায় ঋণ
 ii. ঘূর্ণায়মান ঋণ
 iii. বকেয়া খরচ
 নিচের কোনটি সঠিক?
 ক) i ও ii খ) i ও iii
 গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. বছরের চক্রবৃদ্ধির সংখ্যা কী দ্বারা প্রকাশ করা হয়?
 ক) n খ) i
 গ) m ঘ) r

উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।
মি. রওশন অগ্রণী ব্যাংক থেকে কিছু টাকা ঋণ নিয়েছিলেন। আগামী ৫ বছর উক্ত টাকা প্রতি বছরের শুরুতে সমপরিমাণ ১০,০০০ টাকা করে পরিশোধ করেন।

১৪. যদি ব্যাংকের সুদের হার ১০% হয় তাহলে মি. রওশন অগ্রণী ব্যাংক থেকে কত টাকা ঋণ নিয়েছিলেন।
 ক) ৪১,৭০০ টাকা খ) ৫০,০০০ টাকা
 গ) ৩২,২২২ টাকা ঘ) ৭৬,৯৯০ টাকা

১৫. মি. রওশন কর্তৃক প্রদত্ত কিস্তি কী ধরনের?
 ক) সাধারণ বার্ষিক কিস্তি
 খ) নমনীয় বার্ষিক কিস্তি
 গ) অগ্রিম বার্ষিক কিস্তি
 ঘ) অনমনীয় বার্ষিক কিস্তি

১৬. BEP (ব্রেক ইভেন বিন্দু) তে আমরা পাই−
 i. মোট উৎপাদন ব্যয় মোট আয় পরস্পর সমান
 ii. কোনো মুনাফা অর্জিত হয় না
 iii. লোকসান হতে পারে
 নিচের কোনটি সঠিক?
 ক) i ও ii খ) i ও iii
 গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৭. কোনটি ত্বরিত সম্পদ?
 ক) মজুত পণ্য খ) ব্যাংক জমার উদ্বৃত্ত
 গ) ব্যাংক জমাতিরিক্ত ঘ) অগ্রিম ব্যয়

উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।

৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে আব্দুল্লাহ ট্রেডার্স এর বিবিধ দেনাদার ৪০,০০০ টাকা, নগদ তহবিল ৩০,০০০ টাকা, প্রাপ্য বিল ৩০,০০০ টাকা, মজুত পণ্য ২০,০০০ টাকা, পাওনাদার ৩৫,০০০ টাকা এবং প্রদেয় বিল ২৫,০০০ টাকা।

১৮. আব্দুল্লাহ ট্রেডার্সের মোট চলতি সম্পদের পরিমাণ কত?
- ক) ১,৮০,০০০ টাকা
- খ) ১,৫৫,০০০ টাকা
- গ) ১,২০,০০০ টাকা
- ঘ) ১,৪৫,০০০ টাকা

১৯. আব্দুল্লাহ ট্রেডার্সের চলতি অনুপাত হলো–
- ক) ২ : ৩
- খ) ২ : ১
- গ) ২.৫ : ১
- ঘ) ৩ : ১

২০. সম্পদ সর্বাধিকরণে নিচের কোনটি বিবেচনা করা হয় না?
- ক) শেয়ার মূল্য বৃদ্ধি
- খ) ঝুঁকির পরিমাণ
- গ) স্বল্প মেয়াদি মুনাফা
- ঘ) নগদান প্রবাহ

২১. CAPM এর পূর্ণরূপ হলো–
- ক) Capital Asset Pricing Method
- খ) Capital Asset Pricing Model
- গ) Capital Asset Product Method
- ঘ) Capital Asset Product Model

২২. অর্থায়নের প্রধান কার্যাবলি হলো–

i. তহবিল বণ্টন
ii. তহবিল সংগ্রহ
iii. তহবিল সংরক্ষণ

নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii
- খ) ii ও iii
- গ) i ও iii
- ঘ) i, ii ও iii

২৩. কোনটি অর্থায়ন কার্যাবলির অন্তর্ভুক্ত নয়?
- ক) আর্থিক পরিকল্পনা
- খ) ব্যবস্থাপনা সংক্রান্ত
- গ) বিনিয়োগ সিদ্ধান্ত
- ঘ) মূল্য নির্ধারণ

২৪. অবণ্টিত মুনাফা (Retained Earning) কোন অর্থায়ন থেকে করা হয়?
- ক) বাহ্যিক অর্থায়ন
- খ) ব্যক্তিগত অর্থায়ন
- গ) অভ্যন্তরীণ অর্থায়ন
- ঘ) প্রাতিষ্ঠানিক অর্থায়ন

২৫. বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে নিচের কোন দলিলটি ব্যবহৃত হয়?
- ক) প্রত্যয় পত্র
- খ) বাণিজ্যিক পত্র
- গ) ঘূর্ণায়মান ঋণপত্র
- ঘ) নগদ ঋণ

২৬. লভ্যাংশ প্রদানের সময় বিবেচনা করা হয়–

i. শেয়ারহোল্ডারদের প্রত্যাশা
ii. তারল্য
iii. আয় সংরক্ষণের পরিমাণ

নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii
- খ) ii ও iii
- গ) i ও iii
- ঘ) i, ii ও iii

২৭. কোনটিতে মূলধন ফেরতের সময়কাল বিবেচিত করা হয়?
- ক) IRR
- খ) NPV
- গ) ARR
- ঘ) PBP

২৮. নিচের কোন নীতি অনুসরণ করে ঝুঁকি হ্রাস করা হয়?
- ক) লভ্যাংশ নীতি
- খ) তারল্য ও মুনাফার নীতি
- গ) পোর্টফলিও ও বৈচিত্র্যায়নের নীতি
- ঘ) ঝুঁকি ও মুনাফার নীতি

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।

দিনার ট্রেডিং দুই প্রকল্পের মধ্যে একটি প্রকল্পে বিনিয়োগের চিন্তাভাবনা করছে। প্রত্যেক প্রকল্পে প্রাথমিক বিনিয়োগ ২,০০,০০০ টাকা এবং আয়ুষ্কাল ৫ বৎসর। A প্রকল্প হতে আগামী ৫ বৎসর নগদ অন্তঃপ্রবাহের পরিমাণ যথাক্রমে ১,০০,০০০ টাকা, ৭০,০০০ টাকা, ৬০,০০০ টাকা, ৫০,০০০ টাকা ও ৩০,০০০ টাকা। B প্রকল্প হতে ৫ বৎসর শেষে ৩,২০,০০০ টাকা অন্তঃপ্রবাহ হবে। মালিক প্রতিষ্ঠানের মূল লক্ষ্য অর্জন করতে চান।

২৯. দিনার ট্রেডিং দু'টি প্রকেল্পের মধ্যে একটি প্রকল্পে বিনিয়োগ করছেন তা কোন কার্যাবলির অন্তর্ভুক্ত?
- ক) তহবিল বণ্টন
- খ) তহবিল সংগ্রহ
- গ) মূলধন বাজেটিং
- ঘ) চলতি সম্পদ ব্যবস্থাপনা

৩০. দিনার ট্রেডিং এর A প্রকল্পের PBP কত হবে?
- ক) ২.৩ বৎসর
- খ) ২.৫ বৎসর
- গ) ৩.০ বৎসর
- ঘ) ৩.৫ বৎসর

১	গ	২	ক	৩	ঘ	৪	ক	৫	গ	৬	ক	৭	ঘ	৮	ঘ	৯	খ	১০	ক	১১	গ	১২	ক	১৩	গ	১৪	খ	১৫	ক
১৬	খ	১৭	ক	১৮	গ	১৯	খ	২০	গ	২১	খ	২২	খ	২৩	ক	২৪	গ	২৫	ক	২৬	ঘ	২৭	ঘ	২৮	গ	২৯	গ	৩০	খ